গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(www.molwa.gov.bd)

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৬.০২০.০০১.২০১৭-২৬০

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ / ০৫ জুন ২০১৮

বিষয় ঃ 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র (BMC) সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ অপরূপ চৌধুরী পিএইচ. ডি
সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
স্থান ঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় ঃ ০৩-০৫-২০১৮, সকাল ঃ ১১.০০ ঘটিকা।

**(সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক')**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব (আইসিটি)-কে আহবান জানান। এরপর যুগ্মসচিব (আইসিটি) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়াসহ বিশেষজ্ঞপুলের মতামত সম্বলিত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া এবং মন্ত্রণালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্রের উপর আলোচনা। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র খসড়া এবং মন্ত্রণালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্রের উপর বিস্তারিত আলোচনাক্রমে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ এবং ভবিষ্যৎ পরিকল্পনা কিছুটা সংশোধনক্রমে তা চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া এর সেকশন-৩ এ বর্ণিত মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের ১ নম্বর ক্রমিকে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন করার নিমিত্ত কার্যক্রম (১.৮), (১.১১), (১.১২) ও (১.১২) এর উপর আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া ২০১৮-১৯ এর ০১ নম্বর কৌশলগত উদ্দেশ্যে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যান সাধন করার নিমিত্ত-<br>ক. (১.৮) ক্রমিকে বর্ণিত ২০১৮-১৯ অর্থবছরে মুক্তিযোদ্ধাদের নাম গেজেটে অন্তর্ভুক্তি (বীরাঙ্গনাসহ), সংশোধিত গেজেট প্রকাশ ও এ সংক্রান্ত আবেদন নিষ্পত্তির লক্ষ্যমাত্রা ২৪০০টি নির্ধারণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;<br>খ. (১.১১) **খেতাবপ্রাপ্ত, যুদ্ধাহত ও শহিদ পরিবারকে** সকল ধরনের সুবিধাদি অন্তর্ভুক্ত করার জন্য **স্মার্ট আইডি কার্ড (চিপসহ) প্রদান করার লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক একটি প্রকল্প গ্রহণ করার** জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;<br>গ. (১.১২) ২০১৮-১৯ অর্থবছরে মুক্তিযোদ্ধাদের সাময়িক সনদের আবেদন নিষ্পত্তির নির্ধারিত লক্ষমাত্রা ১০০০টি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়; |
| ৩। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ায় সেকশন-২ এ বর্ণিত মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের ২ নম্বর ক্রমিকের (২.২) কার্যক্রমে মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ বিষয়ের উপর আলোচনা। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ায় সেকশন-২ এ বর্ণিত মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের ২ নম্বর ক্রমিকের মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ করার নিমিত্ত মুক্তিযুদ্ধের স্মৃতি/স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ -এ "জাদুঘর পরিদর্শিত শিক্ষার্থী" কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা ৪০,০০০ জনে নির্ধারণে সুপারিশ গৃহীত হয়। |

**অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য**

| | | |
|---|---|---|
| ৪। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ায় সেকশন-৩ এ বর্ণিত মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের ৩ নম্বর ক্রমিকের বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনার জাগরণ এবং দেশাত্ববোধ উজ্জীবিতকরণ সংক্রান্ত (৩.৫) নং কার্যক্রমের উপর আলোচনা। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ায় সেকশন-৩ এ বর্ণিত মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের ৩ নম্বর ক্রমিকে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনার জাগরণ এবং দেশাত্ববোধ উজ্জীবিতকরণ সংক্রান্ত (৩.৫) নম্বর কার্যক্রমে বর্ণিত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক মুক্তিযুদ্ধ ভিত্তিক সংগঠন সমূহের নিবন্ধিত মুক্তিযোদ্ধা সমিতির সংখ্যা অনুযায়ী পরিদর্শনের লক্ষমাত্রা কমপক্ষে ৫০ টি নির্ধারণের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়। |
| ৫। | বিবিধ বিষয়ে আলোচনা | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কর্মসম্পাদন টিম কর্তৃক প্রণীত ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়াটি কর্মসম্পাদন বিশেষজ্ঞ পুলের পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনক্রমে সর্বসম্মতিতে অনুমোদিত হয় এবং অনুমোদিত খসড়াটির পরিচ্ছন্ন কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
০৪-০৬-২০১৮
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
ও
সভাপতি বাজেট ব্যবস্থাপনা কমিটি

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৬.০২০.০০১.২০১৭-

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ / ০৫ জুন ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪. অতিরিক্ত সচিব, বাজেট-৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
০৬. বিভাগীয় প্রধান, পরিকল্পনা কমিশন (ভৌত অবকাঠামো বিভাগ) শেরে বাংলা নগর, ঢাকা।
০৭. মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৯. যুগ্ম সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০. ট্রাস্টি সদস্য, মুক্তিযুদ্ধ জাদুঘর, সেগুনবাগিচা, ঢাকা।
১১. উপসচিব (প্রশাসন/উন্নয়ন/বাজেট/হিসাব) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১২. উপ-প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৩. প্রকল্প পরিচালক (সকল) ............................................................ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৪. কর্মসূচি পরিচালক (সকল) ............................................................ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সহকারী প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
০১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম-সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের অবগতির জন্য)
০৩. অফিস কপি।

৫/৬/১৮

মোঃ মতিয়ার রহমান
উপসচিব (বাজেট)
ফোন নং-৯৫৫০১৩৩